ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ২১তম সংখ্যা ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) ১ অগ্রহায়ণ ১৪২৬, ১৫ নভেম্বর ২০১৯

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে উপাচার্য হিসেবে নিয়োগ



অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে আগামী ৪ বছরের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর ১১(১) ধারা মোতাবেক সিনেট কর্তৃক মনোনীত প্যানেল থেকে তাঁকে উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করেছেন। গত ৩ নভেম্বর ২০১৯ শিক্ষা মন্ত্রণালয় থেকে এ বিষয়ে এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

উল্লেখ্য, অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৬ সেপ্টেম্বর ২০১৭ থেকে উপাচার্যের দায়িত্ব পালন করে আসছেন। এর আগে ২০১৬ সালের ২৩ জুন থেকে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৪ সালে কলা অনুষদের ডিন নির্বাচিত হন। এছাড়া, গত জুলাই মাসে তিনি দি এসোসিয়েশন অব কমনওয়েল্‌থ ইউনিভার্সিটি (এসিইউ)-এর কাউন্সিল মেম্বার নির্বাচিত হয়েছেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১৯৬৪ সালের ১ জুলাই বরগুনা জেলার আজিজাবাদ উপজেলার কালিপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের বি এ অনার্স ও এম এ পরীক্ষায় ১ম স্থান অধিকার করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা ইন পার্সিয়ান ল্যাঙ্গুয়েজ বিষয়ক পোস্ট-গ্র্যাজুয়েট সম্পন্ন করেন। তিনি ভারতের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ ডি ডিগ্রি অর্জন করেন। যুক্তরাষ্ট্রের বোস্টন কলেজের ফুলব্রাইট স্কলার এবং যুক্তরাজ্যের বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ফেলো ছিলেন তিনি। ১৯৯০ সালে তিনি ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের লেকচারার হিসেবে কর্মজীবন শুরু করেন। ১৯৯৫ সালের ১৫ জানুয়ারি সহকারী অধ্যাপক, ২০০০ সালের ২ জানুয়ারি সহযোগী অধ্যাপক এবং ২০০৪ সালে তিনি অধ্যাপক পদে পদোন্নতি পান। ২০০৮ থেকে ২০১১ সাল পর্যন্ত তিনি বিভাগীয় চেয়ারম্যান এবং ২০০৭ থেকে ২০১৩ সাল পর্যন্ত কবি জসীম উদদীন হলের প্রাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৪, ২০০৫ ও ২০০৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এবং ২০০৯ ও ২০১১ সালে সহ-সভাপতি পদে নির্বাচিত হন। তিনি বিভিন্ন মেয়াদে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য, বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য, প্রধানমন্ত্রীর শিক্ষা-সহায়তা ট্রাস্টের সদস্য, পাঠ্যপুস্তক সংকট নিরসন জাতীয় কমিটির আহ্বায়ক, পাঠ্যপুস্তক মুদ্রণ, বিতরণ পর্যবেক্ষণ ও পরামর্শদান জাতীয় কমিটির আহ্বায়ক, জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়ন কমিটির সদস্য, ন্যাশনাল কারিক্যুলাম কো-অর্ডিনেশন কমিটির (এনসিসিসি) সদস্য, জার্নাল অব (৩য় পৃষ্ঠায় দেখুন)

উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের দায়িত্বভার গ্রহণ

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। গত ৪ নভেম্বর ২০১৯ আনুষ্ঠানিকভাবে তিনি এই দায়িত্বভার গ্রহণ করেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর ১১(১) ধারা মোতাবেক সিনেট কর্তৃক মনোনীত প্যানেল থেকে তাঁকে আগামী ৪ বছরের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব প্রদান করেন। উল্লেখ্য, ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক।

উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণকালে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সিনেট সদস্য এস এম বাহালুল মজনুন, রেজিস্ট্রার মো. এনামউজ্জামান বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষক এবং বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

দায়িত্বভার গ্রহণকালে এক সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আন্তর্জাতিক র‍্যাংকিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান উন্নত করতে সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। একাডেমিক ও প্রশাসনিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তিনি সর্বত্র সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের গুণগত শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

দায়িত্ব গ্রহণের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ বিভিন্ন স্তরের মানুষ উপাচার্যকে ফুলেল শুভেচ্ছা জানান।

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপাচার্যের পুস্পস্তবক অর্পণ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণের পর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৫ নভেম্বর ২০১৯ ধানমণ্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর চত্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন।

এসময় তাঁর সাথে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সিনেট ও সিন্ডিকেট সদস্য, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষক, প্রক্টর এবং ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ঘুরে দেখেন এবং সেখানে রক্ষিত পরিদর্শন বই-এ মন্তব্য ও স্বাক্ষর করেন। তিনি তাঁর মন্তব্যে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। বাংলাদেশের এই মহান স্থপতির অনবদ্য অবদান জাতি চিরকাল শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। জাতির পিতার প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা জ্ঞাপনের মাধ্যমে আমরা সততা, স্বচ্ছতা, ও জবাবদিহিতা নিশ্চিত করার শপথ গ্রহণ করছি। একই সঙ্গে গণতান্ত্রিক, মানবিক ও অসাম্প্রদায়িক মূল্যবোধ নিয়ে নতুন উদ্যোগে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

‘স্বাস্থ্য ও কৃষি ক্ষেত্রে জীব প্রযুক্তি’ শীর্ষক ৩-দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

গ্লোবাল নেটওয়ার্ক অব বাংলাদেশী বায়োটেকনোলজিস্ট (জিএনওবিবি)-এর উদ্যোগে “Biotechnology in Health and Agriculture (ICBHA)” শীর্ষক ৩-দিনব্যাপী ৪র্থ আন্তর্জাতিক সম্মেলন গত ১১ নভেম্বর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্বোধন করা হয়েছে। ইনোভেশনস ইন প্ল্যান্ট এন্ড ফুড সায়েন্সেস (আইপিএফএস)-এর সহযোগিতায় এই সম্মেলনের আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে কৃষিমন্ত্রী ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক এমপি প্রধান অতিথি এবং ইউজিসি’র চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমরান কবীর চৌধুরী, কৃষি গবেষণা ফাউন্ডেশনের সেক্রেটারি ড. এ বি এম মো. খাদেমুল ইসলাম বক্তৃতা করেন।

কৃষিমন্ত্রী ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ব্যবসা, বাণিজ্য ও অর্থনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ অসাধারণ অগ্রগতি অর্জন করেছে। ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়তে সরকার ইতোমধ্যেই কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে উল্লেখ করে তিনি বলেন, জীব প্রযুক্তির সফল ব্যবহারের মাধ্যমে দেশে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা গড়ে তুলতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর ভূমিকা পালনের জন্য জীব প্রযুক্তিবিদদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষাবিদ, জীব

প্রযুক্তিবিদ ও শিল্পপতিদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

নির্বাহী পরিচালক ড. ওয়াইস কবির ও ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, জিএনওবিবি’র সভাপতি অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মু. মনজুরুল করিম ও সম্মেলন আয়োজক কমিটির

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, চীন, জাপান, মালয়েশিয়া, জার্মানী, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডাসহ বিভিন্ন দেশের শিক্ষাবিদ ও গবেষক এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

অধ্যাপক জিয়া রহমান আইএসসি’র বোর্ড পরিচালক নির্বাচিত

অধ্যাপক ড. জিয়া রহমান

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান আগামী ৫বছরের জন্য ‘ইন্টারন্যাশনাল সোসাইটি অব ক্রিমিনোলজি (আইএসসি)’-এর ‘বোর্ড অব ডাইরেক্টরস্’ নির্বাচিত হয়েছেন। কাতারের দোহা’য় গত ২৭-৩০ অক্টোবর ২০১৯ অনুষ্ঠিত সোসাইটি’র আন্তর্জাতিক সম্মেলনে তিনি প্রথম বাংলাদেশী হিসেবে এই সম্মানে ভূষিত হন।

যুক্তরাষ্ট্রের প্রফেসর এমিলিও সি ভিয়ানো পুনরায় আইএসসি’র সভাপতি নির্বাচিত হয়েছেন। সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছেন যুক্তরাজ্যের প্রফেসর ড. সুসান এডওয়ার্ডস। অধ্যাপক ড. জিয়া রহমান বিশ্বের বিভিন্ন দেশের আইএসসি’র অন্যান্য ১৮ জন বোর্ড পরিচালকের সাথে দায়িত্ব পালন করবেন এবং বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. জিয়া রহমান ‘বাংলাদেশ সোসাইটি অব ক্রিমিনোলজি’-এর বর্তমান সভাপতি।

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সঃ) উপলক্ষ্যে আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহ্‌ফিল

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সঃ) উপলক্ষ্যে গত ১০ নভেম্বর ২০১৯ বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামি’আয় এক আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আলোচনা সভায় প্রধান অতিথি এবং প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কোষাধ্যক্ষ ও মসজিদুল জামি’আ পরিচালনা কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. আবদুর রশিদ। এছাড়া, আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ইউছুফ, বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদের ইমাম খতিব ড. সৈয়দ মুহাম্মদ এমদাদ উদ্দিনসহ বিশিষ্ট ইসলামী চিন্তাবিদগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

উপাচার্য হিসেবে নিয়োগ লাভ করায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে ফুলেল শুভেচ্ছা জানান

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট সদস্যবৃন্দ

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় চিকিৎসা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব

ঢাকা বিশ্ববিদ্যালয় এমিরিটাস অধ্যাপক নাজমা চৌধুরী

ডাকসু নেতৃবৃন্দ

অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিক্যাল কলেজ

ইসলামিক আরবি বিশ্ববিদ্যালয়

মো. এনামউজ্জামানকে রেজিস্ট্রার হিসেবে নিয়োগ

মো. এনামউজ্জামান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার হিসেবে মো. এনামউজ্জামানকে নিয়োগ দেওয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে গত ৩০ অক্টোবর ২০১৯ অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় এই নিয়োগ প্রদান করা হয়। এর আগে, উচ্চ পর্যায়ের নির্বাচনী বোর্ড তাকে রেজিস্ট্রার পদে নিয়োগের সুপারিশ করে।

উল্লেখ্য, মো. এনামউজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১২ জুলাই ২০১৬ থেকে রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৮৮ সালে সহকারী রেজিস্ট্রার পদে যোগদান করেন এবং ১৯৯৭ সালে ডেপুটি রেজিস্ট্রার হিসেবে পদোন্নতি লাভ করেন। এছাড়া, ২০০৬ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত তিনি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বি.এস.এস (অনার্স) এবং এম.এস.এস (সমাজকল্যাণ) ডিগ্রি অর্জন করেন। অত:পর তিনি বিভিন্ন কলেজে অধ্যাপনা করেন।

মো. এনামউজ্জামান যশোর শহরের এস.এ. করিম রোড নিবাসী মরহুম মো. শাহাদাত আলী ও মরহুম সাজেদা খাতুনের ৭ম সন্তান। তার বড় ভাই অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক এবং দেশবরেণ্য কবি ও গীতিকার। মেঝভাই খ্যাতিমান কবি ও গীতিকার মোহাম্মদ রফিকউজ্জামান। আরেক ভাই মহান মুক্তিযুদ্ধে শাহাদাত বরণকারী বীর যোদ্ধা মোহাম্মদ আসাদুজ্জামান (শহীদ আসাদ)।

ঢাবি পেশাজীবী লীগ-এর নতুন কমিটি

ঢাবি'র ছাত্র-শিক্ষক কেন্দ্রে সাধারণ সভায় গঠিত আহ্বায়ক কমিটি কর্তৃক ২৯ অক্টোবর ২০১৯ তারিখ পেশাজীবী লীগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন কমিটি ঘোষণা করা হয়।

সভায় সেন্টার ফর অ্যাডভান্সড্ রিসার্চ ইন সায়েন্সেস এর প্রিন্সিপ্যাল স্টোর অফিসার মুহাম্মদ রুহুল আমিন সভাপতি এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহকারী গ্রন্থাগারিক মোঃ ইউসুফ আলী সাধারণ সম্পাদক পদে সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয়েছেন।

কমিটির অন্যান্য সদস্যগণ হলেন: মোঃ রবিউল হক ভূঁইয়া- সিনিয়র সহসভাপতি, মোঃ আব্দুল হাই- সাধারণ সম্পাদক, মোঃ নাজমুল ইসলাম- সাংগঠনিক সম্পাদক এবং মোঃ মঞ্জুরুল ইসলাম- অর্থ সম্পাদক।

শেরে বাংলা এ কে ফজলুল হকের ১৪৬তম জন্মবার্ষিকী পালিত

জাতীয় নেতা শেরে বাংলা এ কে ফজলুল হকের ১৪৬তম জন্মবার্ষিকী গত ২৬ অক্টোবর ২০১৯ পালিত হয়েছে। এ উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শেরে বাংলা এ কে ফজলুল হকের মাজারে পুষ্পস্তবক অর্পণ ও মাজার জিয়ারত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় অন্যান্যের মধ্যে শেরে বাংলা এ কে ফজলুল হকের দোহিত্র এ কে ফাইয়াজুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরে মাজার প্রাঙ্গণে শেরে বাংলা জাতীয় স্মৃতি সংসদ ও বিশ্ব বাঙালি সম্মেলনের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপূর্ত মন্ত্রী অ্যাডভোকেট শ.ম. রেজাউল করিম, এমপি এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেরে বাংলা জাতীয় স্মৃতি সংসদ ও বিশ্ব বাঙালি সম্মেলনের সভাপতি মুহম্মদ আবদুল খালেক।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

আগা খান একাডেমি প্রতিনিধিদল

আগা খান একাডেমির পরিচালক মি. রায় জিন্সলি গত ১২ নভেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। একাডেমির আঞ্চলিক উন্নয়ন ব্যবস্থাপক ফাইজুল মুসা তার সঙ্গে ছিলেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান এবং কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে প্রতিনিধি দলের সদস্যরা আইবি ডিপ্লোমা প্রোগ্রামের সনদপ্রাপ্ত শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানান। আগা খান একাডেমির আইবি ডিপ্লোমা প্রোগ্রামের মান নিরূপণের পর এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে বলে উপাচার্য প্রতিনিধি দলকে আশ্বাস দেন।

চীনা রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং গত ৭ নভেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এসময় চীনা দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তাগণ তাঁর সঙ্গে ছিলেন।

বৈঠককালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশ ও চীনের মধ্যে দীর্ঘদিন যাবৎ চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। তিনি শিক্ষা, গবেষণা, ব্যবসা, বাণিজ্য, অর্থনীতি, সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে বিরাজমান এই সম্পর্ক আরও জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস অতিথিকে অবহিত করেন। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ, ১৯৫২ সালের ভাষা আন্দোলনসহ দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে এই বিশ্ববিদ্যালয়ের অনন্য অবদান তিনি তুলে ধরেন।

চীনা রাষ্ট্রদূত লি জিমিং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে পুনর্নিয়োগ লাভ করায় অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে ফুলেল শুভেচ্ছা জানান।

ভারতীয় অধ্যাপক

ভারতের জম্মু বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. শাহাব এনায়েত মালিক গত ৭ নভেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় উর্দু বিভাগের অধ্যাপক ড. মো. মাহমুদুল ইসলাম এবং অধ্যাপক ড. মুহাম্মদ গোলাম রব্বানী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের জম্মু বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় কর্মসূচি চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, দু'বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় উর্দু বিভাগে একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের ব্যাপারে বৈঠকে আলোচনা করা হয়। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে এসংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে তারা মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য উপাচার্য অতিথিকে ধন্যবাদ দেন।

আগা খান একাডেমির পরিচালক মি. রায় জিন্সলি গত ১২ নভেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং গত ৭ নভেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এসময় চীনা দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তাগণ তাঁর সঙ্গে ছিলেন।

ভারতের জম্মু বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. শাহাব এনায়েত মালিক গত ৭ নভেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে তাঁর জীবন ও কর্মের ওপর একটি চলচ্চিত্র নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। এ সংক্রান্ত কাজে উক্ত চলচ্চিত্রের সহযোগী পরিচালক দয়াল নিহালানী-এর নেতৃত্বে ৩-সদস্যের একটি ভারতীয় প্রতিনিধিদল গত ৩ নভেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- সহকারী পরিচালক দিবাতিত্তা দত্ত এবং আলোকচিত্র পরিচালক আকাশদীপ পাণ্ডে। এসময় ঢাবি টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি বিভাগের অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া এবং প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী উপস্থিত ছিলেন।

হ্যাকাথন প্রতিযোগিতা 'কোড সামুরাই'-এ ঢাকা বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ এবং বাংলাদেশ-জাপান জয়েন্ট ভেঞ্চার কোম্পানি বিজেআইটি (BJIT)-এর যৌথ উদ্যোগে "Code Samurai 2019" শীর্ষক দু'দিনব্যাপী হ্যাকাথন প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২ নভেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। এতে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তফা জব্বার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত নওকি ইতো, জাইকার চেয়ারম্যান হিরোশি হিরাতা, জাপান বহির্মুখী বাণিজ্য সংস্থার (জেট্রো) কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ইউজি অ্যান্ডো, ফরভ্যাল করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কোজি তেরাদা, সামুরাই আইটি'র প্রিন্সিপ্যাল হিরোশি হরি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. এম. কায়কোবাদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডাক ও টেলিযোগাযোগ **মন্ত্রী** মোস্তফা জব্বার বলেন, বিশ্ব পরিমণ্ডলে ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রা এবং তরুণদের সক্ষমতা তুলে ধরতে এই আয়োজনটি ভূমিকা রাখবে এবং এজন্য তিনি আয়োজকদের আন্তরিকভাবে ধন্যবাদ জানান।

প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'টি দল DU_XUPRI ও DU_SPRINGBOKS যথাক্রমে চ্যাম্পিয়ন এবং দ্বিতীয় হয়েছে। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দল KUET_MANJARO তৃতীয় স্থান অধিকার করেছে। চ্যাম্পিয়ন দল দেড় লাখ টাকা, দ্বিতীয় দল ৯০ হাজার টাকা এবং তৃতীয় দল ৩০ হাজার টাকা পুরস্কার পেয়েছে।

প্রতিযোগীরা বাংলাদেশের ট্রাফিক ব্যবস্থাপনার স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণের নিরিখে একটি কার্যকর তথ্য প্রযুক্তিভিত্তিক সমাধান বের করার জন্য চেষ্টা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মোসাদ্দেক হোসেন কামালের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সফটওয়্যার ইন্ডাস্ট্রি এবং জাপান থেকে আগত প্রথিতযশা আইটি বিশেষজ্ঞগণ বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন। আয়োজনের সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. উপমা কবির এবং অধ্যাপক ড. মো. মামুনুর রশীদ।

উল্লেখ্য, 'হ্যাকাথন কোড সামুরাই ২০১৯' গতকাল ১ নভেম্বর ২০১৯ শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগে শুরু হয়। ২৫টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে ১৮৭টি দল প্রাথমিক বাছাই পর্বে আবেদন করে। বাছাই পর্বের পর নির্বাচিত ৩৪টি দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। টানা ৩০ ঘন্টা ধরে প্রতিযোগিতা চলে।

উপাচার্যের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত

(১ম পৃষ্ঠার পর) সিরাজুল হক সেন্টার ফর ইসলামিক রিসার্চ এবং জার্নাল অব দি এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ (হিউম্যানিটিজ)-এর সম্পাদনা পরিষদের সদস্য, বাংলাদেশ ইতিহাস পরিষদ পত্রিকা "ইতিহাস"-এর সম্পাদক, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ-এর কাউন্সিল মেম্বার, বাংলাদেশ ইতিহাস পরিষদ-এর সাধারণ সম্পাদক, আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ-এর সাধারণ সম্পাদক, ইসলাম ও নৈতিক শিক্ষা (ষষ্ঠ-দশম শ্রেণি) পাঠ্যপুস্তকের সম্পাদক, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (নবম-দশম শ্রেণি) পাঠ্যবইয়ের পরিমার্জনকারী এবং বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস)-এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি বাংলা একাডেমি, বাংলাদেশ এসোসিয়েশন ফর আমেরিকান স্টাডিজ, বাংলাদেশ এসোসিয়েশন ফর ফুলব্রাইট স্কলার্স ও ইন্ডিয়ান হিস্ট্রি কংগ্রেসসহ বিভিন্ন পেশাজীবী সংগঠন ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। দেশ-বিদেশে প্রকাশিত বিভিন্ন জার্নালে তাঁর ৪২টি গবেষণামূলক প্রবন্ধ রয়েছে। তাঁর প্রকাশিত পুস্তকের মধ্যে রয়েছে- মুসলিম ইতিহাসতত্ত্ব, ঢাকা বিশ্ববিদ্যালয় (২০০৮); বাংলাদেশের মুক্তিযুদ্ধ : প্রেক্ষাপট ও ঘটনা (সম্পাদিত), বাংলাদেশ ইতিহাস পরিষদ, ঢাকা (২০০৯); Society and Urbanization in Medieval Bengal, Asiatic Society of Bangladesh (2009); A Quest for Islamic Learning : Essays in Memory of Professor Serajul Haque (edited), Asiatic Society of Bangladesh (2011); প্রবন্ধ সংকলন (সম্পাদিত), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (২০১১)। অনন্য সাধারণ গবেষণার জন্য ২০০৮ সালে তিনি 'বিচারপতি ইব্রাহিম স্বর্ণপদক' লাভ করেন।

অধ্যাপক ড. আতিউর রহমানকে 'বঙ্গবন্ধু চেয়ার' পদে নিয়োগ

অধ্যাপক ড. আতিউর রহমান

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ও বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অনারারি অধ্যাপক ড. আতিউর রহমানকে ঢাকা বিশ্ববিদ্যালয় 'বঙ্গবন্ধু চেয়ার' পদে নিয়োগ দেওয়া হয়েছে। গত ৩০ অক্টোবর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় এই নিয়োগ প্রদান করা হয়।

এরআগে, উচ্চ পর্যায়ের এক সিলেকশন কমিটি তাকে 'বঙ্গবন্ধু চেয়ার' পদে নিয়োগের সুপারিশ করে।

অধ্যাপক ড. আতিউর রহমান আগামী এক বছর ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগে প্রতিষ্ঠিত "বঙ্গবন্ধু চেয়ার"-এর দায়িত্ব পালন করবেন।

ঢাবি এবং জাপানের আইওয়াতে ইউনিভার্সিটির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের আইওয়াতে ইউনিভার্সিটির মধ্যে গত ৬ নভেম্বর ২০১৯ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং আইওয়াতে ইউনিভার্সিটি'র ইউনাইটেড গ্র্যাজুয়েট স্কুল অব এগ্রিকালচারাল সায়েন্সেস-এর ডিন ড. মাতসু ইউমুরা নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড মো. আখতারুজ্জামান, রেজিস্ট্রার মোঃ এনামউজ্জামান এবং জীব বিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যান উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় টেকসই কৃষি, পরিবেশ বিজ্ঞান, শরীর বিজ্ঞানসহ জীব বিজ্ঞান বিষয়ক শিক্ষা ও গবেষণা উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আইওয়াতে ইউনিভার্সিটি একযোগে কাজ করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক এবং প্রকাশনা বিনিময় করা হবে। এই দুই বিশ্ববিদ্যালয় যৌথভাবে গবেষণা করবে এবং বিভিন্ন জার্নালে যৌথভাবে প্রবন্ধ প্রকাশ করবে। এছাড়া, তারা যৌথভাবে সম্মেলন, সেমিনার, কর্মশালা এবং প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আইওয়াতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এর মাধ্যমে উভয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা উপকৃত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন। মানব সভ্যতার উন্নয়নে বিশ্বের বিভিন্ন খ্যাতিমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে অধিক হারে সহযোগিতামূলক গবেষণা কর্মসূচি চালুর ওপর তিনি গুরুত্বারোপ করেন।

'বাংলাদেশে জাপানিজ স্টাডিজ' বিষয়ক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের উদ্যোগে গত ৩০ অক্টোবর ২০১৯ সামাজিক বিজ্ঞান ভবনের অধ্যাপক মুজাফ্‌ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে "বাংলাদেশে জাপানিজ স্টাডিজ-এর সম্ভাবনা" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল বারকাতের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাবি সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম এবং ঢাকাস্থ জাপান দূতাবাসের মিনিস্টার মি. হিরোইয়ুকি ইয়ামায়া। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন জাপানিজ স্টাডিজ বিভাগের লেকচারার শিবলী নোমান এবং প্রবন্ধের উপর বক্তব্য রাখেন ড. মো. লতিফুল বারি ও ড. মো. মনির উদ্দীন।

শতকণ্ঠে বঙ্গবন্ধুকে স্মরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের উদ্যোগে গত ১ নভেম্বর ২০১৯ কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে লিখিত বিভিন্ন কবিতা আবৃত্তি করে 'শতকণ্ঠে বঙ্গবন্ধু' কর্মসূচির উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মসূচির উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুস, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আরিফ ইবনে আলী, ডাকসু'র সদস্য রফিকুল ইসলাম ঐতিহ্য ও মাহমুদ হাসান বক্তব্য রাখেন।

অধ্যাপক ড. আখতারুজ্জামান বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত এই অনুষ্ঠান খুবই তাৎপর্যপূর্ণ ও অর্থবহ এবং এ ধরনের সাংস্কৃতিক কর্মকাণ্ড অন্যদের বিশেষ করে তরুণ প্রজন্মকে গভীরভাবে অনুপ্রাণিত করবে। বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে অসাম্প্রদায়িক চেতনা ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হয়ে তাঁর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের জন্য উপাচার্য শিল্পী, কবি, সাহিত্যিকসহ সকলের প্রতি আহ্বান জানান।

তাজউদ্দীন আহমদ এ্যাওয়ার্ড পেলেন ৭ কৃতী শিক্ষার্থী

২০১৭ সালের বিএসএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের মেধাবী ছাত্রী নাসরিন জেবিন 'তাজউদ্দীন আহমদ শান্তি স্বর্ণপদক' লাভ করেছেন। এছাড়া, একই বিভাগের ছাত্রী রাবেয়া আক্তার সাথীকে 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। রচনা প্রতিযোগিতায় যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করায় বিভিন্ন বিভাগের ৫জন শিক্ষার্থীকে 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড পুরস্কার' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩১ অক্টোবর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে পদক, বৃত্তি ও পুরস্কার তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' এই অনুষ্ঠানের আয়োজন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদের সভাপতিত্বে অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের সদস্য সিমিন হোসেন রিমি, এমপি বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডে'র দাতা মিসেস শারমিন আহমদ। ধন্যবাদ জ্ঞাপন করেন শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান মো. তৌহিদুল ইসলাম। রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় অস্থায়ী সরকারের নেতৃত্ব দিয়েছিলেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অত্যন্ত বিশ্বস্ত সহচর ছিলেন তিনি। উপাচার্য প্রয়াত তাজউদ্দীন আহমদের আদর্শ অনুসরণের মাধ্যমে নিজেদের সৎ ও দেশপ্রেমিক নাগরিক হিসাবে গড়ে তোলার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

তাজউদ্দীন আহমদ রচনা প্রতিযোগিতায় বিজয়ীরা হলেন- সুমাইয়া খানম (উদ্ভিদবিজ্ঞান), সুহৃদ সাদিক (বাংলা), তাহমিদ উল ইসলাম (সমাজবিজ্ঞান), নাফিস সাদিক (অর্থনীতি) এবং সাইফুল ইসলাম খান (ইতিহাস)।

'মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড' এ্যাওয়ার্ড পেলেন ৯জন গবেষক

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের উদ্যোগে ইতিহাস বিষয়ে মৌলিক গবেষণায় অসাধারণ অবদানের জন্য ৯জন গবেষককে 'মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড এ্যাওয়ার্ড' প্রদান করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ গত ২৪ অক্টোবর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের সিরাজুল ইসলাম লেকচার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গবেষকদের হাতে এই এ্যাওয়ার্ড তুলে দেন।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামালের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন এবং এন্ডাউমেন্ট ফান্ডের দাতা ও ইতিহাস বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. সিরাজুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাংলাদেশ শিশু একাডেমির চেয়ারম্যান ও খ্যাতনামা কথা সাহিত্যিক সেলিনা হোসেন 'সংস্কৃতির অবিনাশী আয়োজন' শীর্ষক মির্জা বানু স্মারক বক্তৃতা প্রদান করেন। অনুষ্ঠানে প্রয়াত মির্জা বানু ও সিরাজুল ইসলামের মেয়ে অধ্যাপক ড. আশা ইসলাম নাঈমসহ পরিবারের অন্যান্য সদস্য ও বিভাগীয় শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, আমাদের সমাজে দেয়ার চেয়ে নেয়ার প্রবণতাই বেশি। কিন্তু নেয়ার চেয়ে দেয়ার আনন্দ বেশি। তবে এখন মানুষের মানসিকতার আশাব্যঞ্জক পরিবর্তন হচ্ছে। তিনি এই ধরনের বৃত্তি প্রদানের জন্য অধ্যাপক ড. সিরাজুল ইসলাম ও তাঁর পরিবারকে ধন্যবাদ প্রদান করেন।

এ্যাওয়ার্ডপ্রাপ্ত ৯জন গবেষক হলেন- মুর্শিদা বিনতে রহমান, শহীদ কাদের চৌধুরী, আনন্দ বিকাশ চাকমা, সৈয়দ মোহাম্মদ রেজাউল করিম, মিলটন কুমার দেব, আশরাফুন্নাহার, মো. শহীদুজ্জামান, সানজিদা খানম এবং শুভাশীষ মজুমদার।

সৈয়দ ইমতিয়াজ আহমেদ স্মারক বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী

বিএসএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২ জন মেধাবী শিক্ষার্থী 'সৈয়দ ইমতিয়াজ আহমেদ স্মারক বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মানসুরা এমদাদ ও ইশরার হাবিব। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২১ অক্টোবর ২০১৯ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রাশেদ উজ জামান, অধ্যাপক ড. দেলোয়ার হোসেন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং বিভাগীয় কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত সৈয়দ ইমতিয়াজ আহমেদ-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, সৈয়দ ইমতিয়াজ একজন মেধাবী শিক্ষার্থী, নিষ্ঠাবান শিক্ষক ও ভাল মানুষ ছিলেন।

উল্লেখ্য, সৈয়দ ইমতিয়াজ আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের লেকচারার ছিলেন। ২০০৬ সালের ১ এপ্রিল মাত্র ৩৩ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন।

ঢাবি'র ২ শিক্ষার্থীর বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের ২ জন মেধাবী শিক্ষার্থী 'খোন্দকার লুৎফি রব্বানী-নাজমুন নেছা স্মৃতি বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন - আশীষ শর্মা দীপ্ত ও মো: শারজিস ইবনে ওয়াদুদ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২০ অক্টোবর ২০১৯ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল কাদির, ট্রাস্ট ফান্ডের অন্যতম দাতা অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানী এবং দাতা পরিবারের কয়েকজন সদস্য উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আত্মমর্যাদাশীল ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন নাগরিক হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি প্রয়াত খোন্দকার লুৎফি রব্বানী ও প্রয়াত নাজমুন নেছার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

অধ্যাপক আবদুর রাজ্জাকের ৮৭তম জন্মোৎসব উদ্‌যাপিত

বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে গত ৫ নভেম্বর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য বিভাগের প্রতিষ্ঠাতা শিক্ষক, শিল্পী ও অধ্যাপক আবদুর রাজ্জাকের ৮৭তম জন্মোৎসব উদ্‌যাপিত হয়েছে।

এ উপলক্ষ্যে ভাস্কর্য বিভাগ ও ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য প্রাক্তনি সংঘ (ডুসকা)-এর যৌথ উদ্যোগে সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উপাচার্য প্রয়াত শিল্পী অধ্যাপক আবদুর রাজ্জাকের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

অনুষ্ঠানে চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন বিশেষ অতিথি ছিলেন। এসময় ভাস্কর্য বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মুকুল কুমার বাড়ৈ, ডুসকা'র সভাপতি মুজিবর রহমান, নগরবিদ অধ্যাপক ড. নজরুল ইসলাম, শিল্পাচার্য তনয় প্রকৌশলী ময়নুল আবেদিন, অধ্যাপক লালারুখ সেলিম, আসিফ আহমেদ, অধ্যাপক আবদুর রাজ্জাকের পরিবারের সদস্যবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, স্থপতি এবং শিল্পানুরাগীবৃন্দ উপস্থিত ছিলেন।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫